



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/21/2022

গভর্নর ক্যাথি হোকল

অক্টোবর মাসে বাড়তি খাদ্য সহায়তার জন্য গভর্নর হোকলের 234 মিলিয়ন ডলার
বাড়তি বরাদ্দের ঘোষণা

সব SNAP পরিবার অক্টোবর মাসে সর্বোচ্চ মাত্রায় খাদ্য সহায়তা পাবে

সম্পূরক খাদ্য সহায়তা ফেব্রুয়ারি মাস পর্যন্ত অব্যাহত থাকবে বলে প্রত্যাশা করা হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিতে (Supplemental Nutrition Assistance Program) তালিকাভুক্ত সব নিউ ইয়র্কবাসী অক্টোবর মাসে অনুমোদিত সর্বোচ্চ পরিমাণ খাদ্য সহায়তা লাভ করবে। SNAP-এ অংশগ্রহণকারী সব পরিবার — যারা ইতোমধ্যে সর্বোচ্চ মাত্রার বেনিফিট পাচ্ছেন তারা সহ — এমাসে সম্পূরক বরাদ্দ লাভ করবে, যা নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিতে প্রায় 234 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল নিয়ে আসবে।

"এসব জরুরি সম্পূরক বেনিফিট সংগ্রামে লিপ্ত নিউ ইয়র্কবাসীদেরকে নিজেদের এবং তাদের পরিবারের জন্য খাবারের যোগান দিতে সাহায্য করার মাধ্যমে খাদ্য অনিরাপত্তার বিরুদ্ধে লড়াইয়ের জন্য আমাদের প্রচেষ্টাসমূহে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে," বলেছেন গভর্নর হোকল। "কোনো নিউ ইয়র্কবাসীরই নিত্যদিনের খাবার সংগ্রহ করতে সংগ্রাম করতে হওয়া উচিত নয়, এবং 234 মিলিয়ন ডলারের এই বাড়তি SNAP তহবিল আমাদের সবচেয়ে অরক্ষিত জনগোষ্ঠীর জন্য অতি প্রয়োজনীয় ত্রাণ ও সহায়তা প্রদান করবে।"

যারা সাধারণভাবে SNAP-এ প্রতি মাসে সর্বোচ্চ পরিমাণে অনুমোদিত সুবিধা পেয়ে থাকেন তারা সহ এই জরুরি সম্পূরক সহায়তা সব পরিবারকে প্রদান করা হবে, এটি নিউ ইয়র্ক স্টেটের সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance, OTDA) কর্তৃক তত্ত্বাবধানকৃত ফেডারেল অর্থায়নে পরিচালিত একটি কর্মসূচি। যেসব পরিবার ইতোমধ্যে সর্বোচ্চ মাত্রার সুবিধার কাছাকাছি বা সেই স্তরে রয়েছে - চার সদস্যের একটি পরিবারের জন্য 939 ডলার - তারা কমপক্ষে 95 ডলারের সম্পূরক পেমেন্ট পাবে।

নিউ ইয়র্ক সিটির বাইরের সব কাউন্টির SNAP পরিবারগুলো আজ, 21 অক্টোবরের মধ্যে এসব সুবিধা পোস্ট হতে দেখবেন। নিউ ইয়র্ক সিটি অঞ্চলের পাঁচটি কাউন্টির SNAP পরিবারগুলো

সোমবার, 24 অক্টোবর থেকে বৃহস্পতিবার, 28 অক্টোবরের মধ্যে তাদের সুবিধাগুলো পোস্ট হতে দেখবেন।

যেসকল SNAP গৃহস্থালি সর্বোচ্চ মাসিক ভাতার পরিমাণের কম পাচ্ছে, তাদের জন্য 2020 সালের এপ্রিল মাসে OTDA জরুরি সম্পূরক ভাতা প্রদান করা শুরু করে। 2021 সালের জুন মাসে নিউ ইয়র্ক স্টেটের জরুরি অবস্থা ঘোষণার মেয়াদ শেষ হওয়ার পর, জনস্বাস্থ্য সংক্রান্ত জরুরি অবস্থার বিষয়ে ফেডারেল ঘোষণার মেয়াদ শেষ হওয়ার আগ পর্যন্ত সংস্থাটি সকল SNAP পরিবারের জন্য সর্বোচ্চ বরাদ্দ নিশ্চিত করতে ফেডারেল সরকারের সাথে সফলভাবে কাজ করেছে, যে মেয়াদ জানুয়ারি পর্যন্ত বর্ধিত করা হয়েছিল এবং এসব বেনিফিট ফেডারেলি পর্যন্ত ইস্যু করা অব্যাহত রাখতে OTDA-কে সক্ষম করবে বলে আশা করা হচ্ছে।

এই গ্রীষ্মকালে নিউ ইয়র্কবাসীরা SNAP-এর উপর ব্যাপকভাবে নির্ভর করা অব্যাহত রয়েছে, যেখানে আগস্ট মাসে স্টেটজুড়ে 2.8 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসী সহ 1.6 মিলিয়নেরও বেশি পরিবার এই কর্মসূচিতে তালিকাভুক্ত হয়েছে। যদিও জুলাই মাসের তুলনায় স্টেটজুড়ে SNAP গ্রহীতাদের সংখ্যা তুলনামূলকভাবে একইরকম রয়েছে, 2021 সালের আগস্ট মাসে এই সংখ্যা 3.5 শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা এসব অতি গুরুত্বপূর্ণ বেনিফিটের অব্যাহত চাহিদা নির্দেশ করে।

নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance)-এর কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন, "আমরা স্বীকার করি যে বহু নিউ ইয়র্কবাসী অব্যাহতভাবে চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছেন এবং যারা ইতোমধ্যে সংগ্রামে লিপ্ত ছিলেন তাদের জন্য নিজেদের এবং তাদের পরিবারের জন্য খাবার সংগ্রহ করা বিশেষভাবে কঠিন হয়ে পড়েছে। এই বাড়তি সহায়তা অতি প্রয়োজনীয় ত্রাণ প্রদান করছে এবং হাজার হাজার ব্যক্তি ও পরিবারকে স্বাস্থ্যকর, পুষ্টিকর খাবার সংগ্রহ করতে সাহায্য করেছে।"

নিউ ইয়র্কের চলমান অর্থনৈতিক পুনরুদ্ধারের ক্ষেত্রে SNAP একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং জানুয়ারি মাস থেকে স্টেটের অর্থনীতিতে 2 বিলিয়ন ডলারেরও বেশি যোগ করেছে। যুক্তরাষ্ট্রের অর্থনীতির উপর SNAP-এর প্রভাব নির্ণয়ের জন্য পরিচালিত একটি [ফেডারেল গবেষণা](#) অনুযায়ী SNAP-এর বিনিয়োগ করা প্রত্যেক ডলার 1.54 ডলার পর্যন্ত অর্থনৈতিক ক্রিয়াকলাপ সৃষ্টি করে থাকে।

এছাড়াও এসব সম্পূরক বেনিফিট অভাবী নিউ ইয়র্কবাসীদের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ লাইফলাইন হিসেবে কাজ করে, কারণ [সাম্প্রতিক একটি গবেষণার তথ্যমতে](#) গত বছর স্টেটের জনসংখ্যার 14 শতাংশ SNAP বেনিফিটের উপর নির্ভরশীল ছিল। গ্রহীতা পরিবারগুলোর মধ্যে অর্ধেকেরও বেশি সংখ্যক পরিবারে শিশুরা ছিল এবং প্রায় 48 শতাংশ পরিবারে 55 বছরের বেশি বয়সী অথবা একজন প্রতিবন্ধী প্রাপ্তবয়স্ক ব্যক্তি ছিল।

আগের মাসগুলিতে, পেমেন্টগুলি সরাসরি প্রাপকের বিদ্যমান ইলেকট্রনিক বেনিফিট ট্রান্সফার (EBT) অ্যাকাউন্টে প্রদান করা হয়েছিল এবং যা তাদের বিদ্যমান EBT কার্ড দিয়ে অ্যাক্সেস করা

যাবে। নিয়মিত SNAP সুবিধাগুলির মত, পরিপূরণকারী সুবিধাগুলিকে অনুমোদিত রিটেইল খাবারের দোকান থেকে খাবার কেনার কাজে ব্যবহার করা যেতে পারে। যেকোনো অব্যবহৃত SNAP সুবিধা স্বয়ংক্রিয়ভাবে পরের মাসে যোগ হবে।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলির উত্তরসহ জরুরি সম্পূর্ণক SNAP সুবিধাসমূহ সম্পর্কে আরো তথ্য [এখানে](#) পাবেন। তালিকাভুক্ত হতে আগ্রহী নিউ ইয়র্কবাসীরা mybenefits.ny.gov। ওয়েবসাইটে ভিজিট করে SNAP-এর জন্য তাদের উপযুক্ততা চেক করতে পারবেন এবং অনলাইনে আবেদন করতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418